দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 12 MAY 1989
পৃষ্ঠা 8 কলাম 7

017

## চট্টগ্রাম ভার্সিটি বিএসসি পরীক্ষার ফল

চট্টগ্রাম, ১১ই মে (বাসস)।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীন ১৯৮৮ সালে অনুষ্ঠিত বিএসসি (পাস) পরীক্ষায় মোট এক হাজার চুরাশি জন ছাত্র উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণের হার শতকরা সাতাশ দশমিক এক ভাগ। এ বছর পরীক্ষা দিয়েছিল তিন হাজার নশ বিরানব্বই জন ছাত্র। পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক বৃহস্পতিবার প্রকাশিত ফলাফল থেকে একথা জানা গেছে।

চট্টগ্রাম সরকারী কলেজের মোহাম্মদ আশরাফ প্রথম স্থান অধিকার করেছে। তার রোল নম্বর হচ্ছে ১৫৫৩১।

উত্তীর্ণ ছাত্রদের মধ্যে চারজন প্রথম বিভাগে, ৩৫২ জন দ্বিতীয় বিভাগে ও ৭২৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের অধীনে ত্রিশটি কলেজ রয়েছে। শাকাইল কলেজ ও নিমসর জনাব আলী কলেজের কোন ছাত্রই পরীক্ষায় উত্তীর্ণ হয়নি।

এদিকে ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজের ১৭৮ জন ছাত্রের সকলের বিরুদ্ধেই অবৈধ উপায়ে পরীক্ষা দেয়ার অভিযোগ আনা হয়েছে।